

প্রেস রিলিজ

২৬ এপ্রিল ২০২৫

বাউবির রংপুর আঞ্চলিক কেন্দ্রে “শিক্ষার্থীদের সেবা সহজীকরণ ও সেবার গুণগতমান নিশ্চিতকরণ” বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত:



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল কর্তৃক আজ ২৬ এপ্রিল, ২০২৫খ্রি: তারিখ “শিক্ষার্থীদের সেবা সহজীকরণ ও সেবার গুণগতমান নিশ্চিতকরণ” বিষয়ক দিনব্যাপি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালা রংপুর আঞ্চলিক কেন্দ্রের আঞ্চলিক পরিচালক জনাব আবু হাফিজ মোঃ ফজলে নিজামীর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাউবি আইকিউএসির পরিচালক, স্কুল অব এগ্রিকালচার এন্ড রুরাল ডিভলপমেন্ট এর অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম এবং বাউবির আইকিউএসির অতিরিক্ত পরিচালক, স্কুল অব বিজনেস এর অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান। কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন বলেন বাউবি সাধারণ বিশ্ববিদ্যালয়ের মত শুধুমাত্র যোগ্যতা সম্পন্ন শিক্ষার্থীদের নিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করেনা। বরং যোগ্য শিক্ষার্থীদের পাশা-পাশি সমগ্র দেশের অবহেলিত, বারে পড়া এবং অদক্ষ শিক্ষার্থীদের নিয়ে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে দেশের সামগ্রিক শিক্ষা ব্যবস্থায় বিশাল অবদান রাখছেন। একটি ছাতর নিচে সমগ্র দেশে শিক্ষা কার্যক্রম ছড়িয়ে দিয়ে বাউবি ঘরে ঘরে শিক্ষার আলো পৌঁছে দিচ্ছে। তাই বাউবির কর্মকর্তা-কর্মচারীদের শিক্ষার্থীদের প্রতি অধিকতর মানবিক, দায়িত্বশীল ভূমিকা রাখার পাশা-পাশি শিক্ষার মান নিশ্চিতকরণ এবং শিক্ষার্থী সেবা সহজীকরণে ভূমিকা রাখতে হবে। তিনি এই ধরনের বাস্তব ভিত্তিক কর্মশালা আয়োজনের জন্য আইকিউএসির কর্মকর্তাদের ধন্যবাদ জানান। বিশেষ অতিথির বক্তব্যে আইকিউএসির পরিচালক, স্কুল অব এগ্রিকালচার এন্ড রুরাল ডিভলপমেন্ট এর অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম বলেন সারাদেশ ব্যাপি প্রতিষ্ঠিত এই মেগা বিশ্ববিদ্যালয়-কে শিক্ষার্থী বান্ধব বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য বাউবির সকল কর্মকর্তা-কর্মচারীকে হতে হবে যোগ্য এবং দক্ষ, একই সাথে থাকতে হবে শিক্ষার্থীদের সেবা প্রদানের জন্য আন্তরিকতা। বিশেষ অতিথির বক্তব্যে আইকিউএসির অতিরিক্ত পরিচালক, স্কুল অব বিজনেস এর অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান বলেন বিশ্ব এখন অনেক এগিয়ে। বাউবির সকল কর্মকর্তা-কর্মচারীদের একবিংশ শতাব্দির চ্যালেঞ্জ মোকাবেলায় অর্জন করতে হবে কারিগরি দক্ষতা, যোগাযোগ সক্ষমতা এবং একই সাথে তাঁদের থাকতে হবে উন্নতর মানবিকতা। রংপুর আঞ্চলিক কেন্দ্রের উপ-আঞ্চলিক পরিচালক জনাব মোঃ আবু সায়েম এর সঞ্চালনায় রংপুর আঞ্চলিক কেন্দ্রসহ এর আওতাধীন ০৮টি উপ-আঞ্চলিক কেন্দ্রের মোট ৬১ জন কর্মকর্তা-কর্মচারী উক্ত কর্মশালায় অংশগ্রহণ করেন।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক

উপ-পরিচালক

মোবাইল: ০১৭১৪৫০৫৭৪৭

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

Contact: Information and public Relations Division, Bangladesh Open University, Gazipur-1705, Bangladesh

Phone: 02-996691119, Email: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd